

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হবিগঞ্জ সদর।

www.habiganjsadar.habiganj.gov.bd

স্মারক নং - ০৫.৪৬.৩৬৪৪.০০১.০০৫.০০১.২০২৩-৭১৫

তারিখ :- ২২ আগস্ট ২০২৩ খ্রি.।

সেচ প্রকল্প অনুমোদন সংক্রান্ত বিজ্ঞপ্তি


এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হবিগঞ্জ সদর উপজেলায় সেচ প্রকল্প অনুমোদনের জন্য আগ্রহী কৃষকগণ ও কৃষক গ্রুপ ম্যানেজারদের নিকট হতে গভীর ও অগভীর সেচযন্ত্রের লাইসেন্স অনুমোদন ও নবায়ন এবং এলএলপি অর্থাৎ নদী হতে সেচ যন্ত্রের অনুমোদনের জন্য (ইতিপূর্বে যারা এলএলপি অনুমোদন পেয়েছেন তারাসহ) নিম্নোক্ত সিডিউল মোতাবেক উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ হতে আবেদন ফরম গ্রহণ ও দাখিলের জন্য অনুরোধ করা যাচ্ছে।

সিডিউল

আবেদন ফরম গ্রহণ ও দাখিলের তারিখ ও সময়	আবেদন ফরম যাচাই-বাছাইয়ের তারিখ ও সময়	আবেদন ফরম চূড়ান্ত অনুমোদনের সভার সম্ভাব্য তারিখ ও সময়	আবেদন ফি
০৩ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. হতে ৩১ অক্টোবর ২০২৩ খ্রি. পর্যন্ত। সকাল- ৯.০০ টা হতে বিকাল ৩.০০ টা পর্যন্ত।	০১ নভেম্বর ২০২৩ খ্রি. বিকাল : ৩.০০ টা।	২৩ নভেম্বর ২০২৩ খ্রি. বিকাল: ৩.০০ টা।	(১) গভীর নলকূপের জন্য- ৫০০/- (পাঁচশত) টাকা। (২) অগভীর নলকূপের জন্য - ২০০/- (দুইশত) টাকা। (৩) এলএলপি নদী হতে- ৫০০/- (পাঁচশত) টাকা।

শর্তাবলী :

- ০১। আবেদন ফরম সঠিক ভাবে নিজ হাতে পূরণ করতে হবে।
- ০২। আবেদনকারীকে নির্ধারিত হারে গভীর ও অগভীর নলকূপ এবং এলএলপি (নদী হতে) এর আবেদন ফি (অফেরতযোগ্য)“ উপজেলা সেচ কমিটি” শিরোনামে চলতি হিসাব নং-১৫৪৩, অগ্রাণী ব্যাংক লিমিটেড, গোপায়া শাখা, হবিগঞ্জ এ জমা পূর্বক জমার স্লিপ আবেদনের সাথে দাখিল করতে হবে।
- ০৩। আবেদনকারীকে নিজে জমির মালিক হতে হবে।
- ০৪। সর্বশেষ পরিশোধিত ভূমি উন্নয়ন কর এর রশিদের সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে।
- ০৫। সংশ্লিষ্ট জমির খতিয়ান ও বি,আর,এস রেকর্ডের সার্টিফাইড কপি (অবিকল নকল কপি) আবেদনের সাথে দাখিল করতে হবে।
- ০৬। আবেদনকারীকে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি ছবি ও জাতীয় পরিচয় পত্রের অনুলিপি সত্যায়িত করে দাখিল করতে হবে।
- ০৭। আবেদন ফরমের সাথে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
- ০৮। সেচ স্কীমের আওতাভুক্ত কৃষক গ্রুপ এর রেজুলেশনের কপি স্পষ্ট করে লিখে দাখিল করতে হবে।
- ০৯। স্কীমভুক্ত সাধারণ কৃষকদের নিয়ে সভার স্থির চিত্রের ০২ (দুই) কপি ছবি দাখিল করতে হবে।
- ১০। স্কীমভুক্ত জমির স্কেচম্যাপ লাল কালি দ্বারা চিহ্নিত করে জমা দিতে হবে।
- ১১। অসম্পূর্ণ আবেদন কোন প্রকার কারণ দর্শানো ব্যতীত বাতিল বলে গণ্য হবে।
- ১২। কমিটি কোন কারণ দর্শানো ব্যতীত যে কোন আবেদন বাতিল বা গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১৩। এতদসংক্রান্ত বিষয়ে কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


আয়েশা আক্তার
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা সেচ কমিটি

হবিগঞ্জ সদর, হবিগঞ্জ।


Email-unohabiganj@mopa.gov.bd

স্মারক নং - ০৫.৪৬.৩৬৪৪.০০১.০০৫.০০১.২০২৩- ৭১৫(৩৫)

তারিখ :- ২২ আগস্ট ২০২৩ খ্রি. ।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

- ০১। মাননীয় সংসদ সদস্য হবিগঞ্জ -০৩ ।
- ০২। জেলা প্রশাসক, হবিগঞ্জ ।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর ।
- ০৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ ।
- ০৫। উপজেলা কৃষি অফিসার, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ ।
- ০৬। উপজেলা প্রকৌশলী, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ ।
- ০৭। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ ।
- ০৮। উপজেলা কর্মকর্তা, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ ।
- ০৯। সহকারী প্রকৌশলী, বিএডিসি হবিগঞ্জ জোন, হবিগঞ্জ ।
- ১০। ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লীবিদ্যুৎ, লাখাই ।
- ১১। সহকারী জেনারেল ম্যানেজার (এম, এস), হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ ।
- ১২। সহকারী প্রোগ্রামার, আইসিটি, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ (উপজেলা প্রশাসনের ফেইস বুক পেইজ ও ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)
- ১৩। চেয়ারম্যান (সকল).....ইউপি (মাইকযোগে বহুল প্রচারের অনুরোধ সহ) ।
- ১৪। উপসহকারী প্রকৌশলী, বিএডিসি, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ ।
- ১৫। সভাপতি/সাধারণ সম্পাদক, হবিগঞ্জ প্রেস ক্লাব, হবিগঞ্জ । (বহুল প্রচারের অনুরোধ সহ) ।
- ১৬। জনাব....., হবিগঞ্জ সদর, হবিগঞ্জ ।
- ১৭। অফিস কপি ।


উপজেলা বিবাহী কর্মকর্তা
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ ।